চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

প্রেস বিজ্ঞপ্তি

৩ আগষ্ট ২০১৭ খ্রি.

মাননীয় মেয়রের সাথে চট্টগ্রাম সড়ক পরিবহন মালিক গ্রুপের মতবিনিময় সভায় গণ পরিবহনে শৃংখলা ফিরিয়ে আনার উদ্যোগ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, নাগরিকদের দুর্ভোগ লাঘবে গণ পরিবহন আরো বাড়াতে হবে। যানজট নিরসনে মালিক ও শ্রমিকদের আন্তরিক সহযোগিতা প্রয়োজন। মেয়র বলেন, পরিবহন সেক্টরে শৃংখলা আনয়নে নীতি নির্ধারনী কর্মসূচি বাস্তবায়ন করতে হবে। তিনি যানজট নিরসনে নগরীতে ৫টি টার্মিনাল নির্মাণের লক্ষ্যে পরিকল্পনা গ্রহণ করার কথা সভায় অবহিত করেন। মেয়র বলেন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের অনুমোদন এবং জায়গা প্রাপ্তি সাপেক্ষে সু-নির্দ্দিষ্ট পরিবহনের জন্য আলাদা আলাদা টার্মিনাল নির্মাণ করা হবে। ৩ আগষ্ট ২০১৭ খ্রি. বৃহস্পতিবার, বিকেলে নগরবভনের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত চট্টগ্রাম সড়ক পরিবহন মালিক গ্রুপের মতবিনিময় সভায় মেয়র এসব কথা বলেন। সভায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান রাজস্ব কর্মকর্তা ড. মুহম্মদ মুস্তাফিজুর রহমান, এডিসি ট্রাফিক ওয়াহিদুল হক চৌধুরী, বিআরটিএ'র ডিডি মোহাম্মদ শহিদুল্লাহ, চট্টগ্রাম জেলা সড়ক পরিবহন মালিক গ্রুপের সভাপতি মঞ্জুরুল আলম মঞ্জু, কার্যকরি সভাপতি হাজী জহুর আহমদ, মহাসচিব আবুল কালাম আজাদ, অতিরিক্ত মহাসচিব গোলাম রসুল বাবুল, সহ সভাপতি মাহবুবুল হক মিয়া, চট্টগ্রাম জেলা সড়ক পরিবহন মালিক গ্রুপ এর সাধারন সম্পাদক নুরুল ইসলাম চৌধুরী, লুসাই পরিবহন লি. এর চেয়ারম্যান বদিউল আলম মজুমদার, চট্টগ্রাম-কক্সবাজার-টেকনাফ মালিক সমিতি গ্রুপ এর সাধারন সম্পাদক মোবারক হোসেন, চট্টলা পরিবহনের সভাপতি মো. ওসমান গণি, মালিক গ্রুপের নেতা অহিদুর নুর কাদেরী, মো. কলিম উল্লাহ, মো. সিরাজ উল্লাহ, মো. ইউনুস খান, মো. মনির উদ্দিন, মো. জাহাঙ্গীর আলম চৌধুরী, রিটন মহাজন, টিটু তালুকদার, মো. আহসান উল্লাহ চৌধুরী, এম মুনসুর রহমান চৌধুরী, মোহাম্মদ হাবিবুর রহমান চৌধুরী, মো. এনায়েতুর রহমান, মো. মুসা, রোবেল মহাজন, মো. ইকবাল হোসেন সহ পরিবহন মালিক সমিতির নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় গন ও পন্য পরিবহনে প্রশাসনের অনিয়ম দুর করা রোড পার্মিট প্রদান, যত্র তত্র পার্কিং বন্ধ, মোটরযান ভেহিকেল অধ্যাদেশ ২০১৭ প্রত্যাহার, হকার ও কাঁচা বাজার শৃংখলার মধ্যে নিয়ে আসা, হাইড্রোলিক

হর্ণ ব্যবহার বন্ধ, চালকদের লাইসেন্স প্রাপ্তি সহজতর করন, টার্মিনাল নির্মাণ, রাস্তা মেরামত সহ ৯ দফা দাবি নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয়।

৩ আগষ্ট ২০১৭ খ্রি.

মাননীয় মেয়রের সাথে হকারস সংগঠনের নেতৃবৃন্দের মতবিনিময়ে ফুটপাতে হকার ব্যবসার সু-নির্দ্দিষ্ট পরিকল্পনা অনুমোদিত

৩ আগষ্ট ২০১৭ খ্রি. বৃহস্পতিবার, বিকেলে নগরভবনের সম্মেলন কক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন চট্টগ্রাম মহানগরী হকার্স সংগঠনের নেতৃবৃন্দের সাথে মতবিনিময় করে হকারদের শৃংখলার মধ্যে আনার চূড়ান্ত পরিকল্পনা গ্রহণ করেছে। গৃহিত পরিকল্পনায় ১ সেপ্টেম্বর ২০১৭ খ্রি. থেকে ফুটপাত হকাররা চট্টগ্রাম সিটি কর্পোরেশন নির্ধরিত স্থানে প্রতিদিন বিকেল ৫ টা থেকে রাত সাড়ে দশ টা পর্যন্ত ব্যবসা পরিচালনা করবে। এছাড়াও সরকারী ছুটি ও বন্ধের দিন সকাল ১০ টা থেকে রাত সাড়ে দশ টা পর্যন্ত ব্যবসা পরিচালনা করবে। সপ্তাহের প্রতি বৃহষ্পতিবারে বিকেল ২ টা থেকে রাত সাড়ে দশ টা পর্যন্ত ব্যবসা পরিচালনার সুযোগ পাবে। হকারদের চূড়ান্ত তালিকা অনুযায়ী চট্টগ্রাম সিটি কর্পোরেশন ফুটপাত মার্কিং করে নির্দ্দিষ্ট হকার বসার সুযোগ করে দেবে। হকারদের তালিকানুযায়ী চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচয় পত্র প্রদান করবে। ব্যবসা পরিচালনার জন্য কোন ধরনের স্থাপনা গড়ে তোলা যাবে না। রেক্সিন বিছিয়ে ফুটপাতে নির্দ্দিষ্ট স্থানে ব্যবসা পরিচালনা শেষে অবশিষ্ঠ মালামাল স্ব স্ব উদ্যোগে সরিয়ে নিয়ে যাবে এবং প্রতিদিন নির্দ্দিস্ট সময়ে মালামাল নিয়ে এসে ব্যবসা পরিচালনা করবে। রোদ-বৃষ্টি থেকে হকারদের রক্ষা করার জন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচয়পত্রধারী হকারদের দৃষ্টিনন্দন ছাতা সরবরাহ করবে। মতবিনিময় সভায় জাতীয় শ্রমিকলীগের যুগ্ম সাধারন সম্পাদক আলহাজ্ব সফর আলী, মহানগর শাখার সভাপতি বখতেয়ার উদ্দিন খান, পাহাড়তলী থানার সভাপতি সফি বাঙালি, ৩১ নং আলকরন ওয়ার্ডের কাউন্সিলর তারেক সোলাইমান সেলিম, ৩৩ নং ফিরিঙ্গী বাজার ওয়ার্ড কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব, প্রধান রাজস্ব কর্মকর্তা ড. মুহম্মদ মুস্তাফিজুর রহমান, স্পেশাল ম্যাজিষ্ট্রেট জাহানারা ফেরদৌস, হকার্সলীগ রেজিঃ নং-১৮৫২ এর পক্ষে সভাপতি নুর আহমদ চৌধুরী, সাধারন সম্পাদক হারুনুর রশিদ, যুগ্ম সাধারন সম্পাদক মো. ইয়াকুব, মো. জসিম উদ্দিন, সহ সাধারন সম্পাদক মো. শহীদ, অর্থ সম্পাদক স্বরুপ বড়–য়া, সাংগঠনিক সম্পাদক মো. কামাল,চট্টগ্রাম সম্মিলিত হকার্স ফেডারেশন রেজিঃ নং-১৯ এর সভাপতি মো. মিরন হোসেন মিলন, সিনিয়র সহ সভাপতি মো. নুরুল আমিন মিয়া, সাধারন সম্পাদক মো. জসিম মিয়া, চট্টগ্রাম ফুটপাত হকার্স সমিতির সভাপতি নুরুল আলম লেদু, সাধারন সম্পাদক মো. সফিকুর রহমান সফি, সিনিয়র সহ সভাপতি মো. বেলায়েত হোসেন, সিটি হকার্সলীগের ভারপ্রাপ্ত

সভাপতি মো. হারুন, মেট্রোপলিটন হকার্সলীগের সহ সভাপতি মো. নুর মোহাম্মদ সহ অন্যান্য হকার্স নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। মতবিনিময় সভায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন চট্টগ্রাম নগরীকে নান্দনিক বাসোপযুগি বিশ্বমানের নগরী গড়ার পরিকল্পনা থেকে হকারদের শৃংখলার মধ্যে আনার উদ্যোগ গ্রহণ করা হলো। হকারদের স্থায়ীভাবে পুণর্বাসনের লক্ষ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশন হকার মার্কেট গড়ে তোলার প্রকল্প গ্রহণ করতে যাচ্ছে। হকারদের স্থায়ীভাবে পুনর্বাসন করার লক্ষ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশন সব সময় আন্তরিক। মেয়র নান্দনিক নগরীর স্বার্থে হকারদের কিছুটা ত্যাগ স্বীকার করার জন্য আহবান জানান।

৩ আগষ্ট ২০১৭ খ্রি.

ভিটামিন এ ক্যাপসুল খাওয়ানো কর্মসূচি
আগামী ৫ আগষ্ট ২০১৭ খ্রি.

ভিটামিন ‘এ’ এর অভাবজনিত অন্ধত্ব প্রতিরোধ এবং শিশু মৃত্যুর ঝুঁকি কমানোর লক্ষ্যে জাতীয় ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন কর্মসূচি আগামী ৫ আগষ্ট ২০১৭ খ্রি. শনিবার, সকাল সাড়ে ৮ টায় নগরীর সিটি গেইটস্থ উত্তর কাট্টলী আলহাজ্ব মোস্তফা-হাকিম মাতৃসদন ও হাসপাতালে উদ্বোধন করা হবে। উদ্বোধন করবেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

৩ আগষ্ট ২০১৭ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশন মিডওয়াইফারী ইনস্টিটিউটের ১৭ তম ব্যাচের
বিদায় ১৮তম ব্যাচের বরণ অনুষ্ঠানে মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, ২০১৮ সন থেকে মিডওয়াইফারীর শিক্ষার্থীদের ৩ বছর মেয়াদী ডিপ্লোমা কোর্স চালু করা হবে। তিনি মিডওয়াইফারী ইনস্টিটিউটের সার্বিক উন্নয়ন কার্যক্রম আগামী ১ মাসের মধ্যে সমাপ্ত করে শিক্ষার্থীদের থাকা-খাওয়া ও অন্যান্য সুযোগ-সুবিধা নিশ্চিত করার ঘোষনা দেন। মেয়র বলেন, মিডওয়াইফারীদের আচার-আচরণ ও ব্যবহার দিয়ে রোগীদের মন জয় করতে হবে- যাতে প্রসুতি মায়েরা আশ্বস্থ হয়। সিটি কর্পোরেশন মিডওয়াইফারী থেকে শিক্ষা গ্রহণ করে সারা দেশে দায়িত্ব পালনকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সুনাম ও সুখ্যাতি ছড়িয়ে দেয়ার আহবান জানান। ৩ আগষ্ট ২০১৭ খ্রি. বৃহস্পতিবার, সকালে নগরীর

ফিরিঙ্গীবাজারস্থ সিটি কর্পোরেশন মিডওয়াইফারী ইনস্টিটিউট মিলনায়তনে অনুষ্ঠিত মিডওয়াইফরীর ১৭ তম ব্যাচের বিদায় এবং ১৮তম ব্যাচের বরণ অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষনে মেয়র আ জ ম নাছির উদ্দীন এ সব কথা বলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ৩৩নং ফিরিঙ্গীবাজার ওয়ার্ড কাউন্সিলর আলহাজ্ব হাসান মুরাদ বিপ্লব। এতে বিশেষ অতিথি ছিলেন ১৫নং ওয়ার্ড কাউন্সিলর মো. গিয়াস উদ্দিন, ৩৪নং ওয়ার্ড কাউন্সিলর ইসমাইল হোসেন বালী, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলিম আকতার চৌধুরী, স্বাস্থ্য কর্মকর্তা ডা. মোহাম্মদ আলী ও সিনিয়র কনসালটেন্ট ডা. প্রীতি বড়–য়া। স্বাগত বক্তব্য রাখেন অত্র ইনস্টিটিউটের পরিচালক ডা. দিল আফরোজ খানম। অনুষ্ঠান শেষে নতুন শিক্ষার্থীদের বরণ করে তাদের হাতে শিক্ষা সামগ্রী এবং বিদায়ীদের উপহার দিয়ে বিদায় জানান প্রধান অতিথি মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন।

৩ আগষ্ট ২০১৭ খ্রি.

চসিক স্বাস্থ্য বিভাগের সংবাদ সম্মেলনে- মাননীয় মেয়র
জাতীয় ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইন (১ম রাউন্ড)
আগামী ৫ আগষ্ট ২০১৭ শনিবার পালিত হবে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীনে পরিচালিত জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান ও জাতীয় পুষ্টি সেবা অধিদপ্তর অপুষ্টিজনিত অন্ধত্ব প্রতিরোধ এবং শিশু মৃত্যুর ঝুঁকি কমানোর লক্ষ্যে আগামী ৫ আগষ্ট ২০১৭ খ্রি. শনিবার, সকাল ৮ টা থেকে সারাদেশ ব্যাপী জাতীয় ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইন (১ম রাউন্ড) পালিত হবে। এ বিষয়ে ৩ আগষ্ট ২০১৭ খ্রি. দুপুরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের স্বাস্থ্য বিভাগের উদ্যোগে নগরভবনে কে বি আবদুচ ছত্তার মিলনায়তনে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। সংবাদ সম্মেলনে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন অপুষ্টিজনিত অন্ধত্ব প্রতিরোধ এবং শিশু মৃত্যুর ঝুঁকি কমানোর লক্ষ্যে নগরবাসীর ৬-১১ মাস বয়সী প্রতিটি শিশুকে ১টি নীল রঙের ভিটামিন ‘এ’ ক্যাপসুল এবং ১২-৫৯ মাস বয়সী প্রতিটি শিশুকে ১টি লাল রঙের ভিটামিন ‘এ’ ক্যাপসুল খাওয়ানোর আহবান জানান। তিনি বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় নগরীর ৪১টি ওয়ার্ডে ১২৮৮টি কেন্দ্র থেকে এ কর্মসূচি পরিচালিত হবে। সকাল সাড়ে ৮ টায় নগরীর সিটি গেইটস্থ কাট্টলী আলহাজ্ব মোস্তফা-হাকিম মাতৃসদন ও হাসপাতালে জাতীয় ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইন (১ম রাউন্ড) উদ্বোধন করা হবে। মেয়র বলেন, জাতীয় এ কর্মসূচি বাস্তবায়নে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর, সরকারী-বেসরকারী সংস্থা ছাড়াও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৪ হাজার স্বেচ্ছাসেবক, জোনাল মেডিকেল অফিসার, মেডিকেল অফিসার, ইপিআই টেকনিশিয়ান, সুপারভাইজার, স্বাস্থ্যকর্মী, টিকাদানকারী সকলে

নিয়োজিত থাকবে। তিনি এ কাজে সকল বুদ্ধিজীবী, সাংবাদিক, শিক্ষক, প্রকৌশলী, মসজিদের ইমামসহ সকল শ্রেণী ও পেশার সহযোগিতা কামনা করেন। মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন নির্ধারিত দায়িত্বের বাহিরে ভর্তুকি দিয়ে চট্টগ্রাম নগরবাসীকে স্বাস্থ্য সেবা দিয়ে যাচ্ছে-যা বাংলাদেশে বিরল ঘটনা। মাত্র ১০ টাকার বিনিময়ে চিকিৎসা সেবা নগরবাসীর দোরগোড়ায় পৌঁছে দেওয়া হয়েছে। শিশু স্বাস্থ্য থেকে শুরু করে মা, প্রসূতী সহ সকল ধরনের চিকিৎসা সেবা দিচ্ছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। এ খাতে কোন ধরনের অতিরিক্ত কর ধার্য্য করা ছাড়াই চট্টগ্রাম সিটি কর্পোরেশন মাতৃসদন হাসপাতাল, নগর স্বাস্থ্যকেন্দ্র, দাতব্য চিকিৎসালয়, হোমিও চিকিৎসালয়, মিডওয়াইফারী ইনস্টিটিউট, হেলথ টেকনোলজিসহ নানামুখী স্বাস্থ্যসেবা দিয়ে যাচ্ছে। তিনি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সেবাধর্মী সকল কার্যক্রমের সহযোগিতা কামনা করেন। সংবাদ সম্মেলনে চসিকের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলিম আকতার চৌধুরী জাতীয় ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইন (১ম রাউন্ড) বিষয়ে লিখিত বক্তব্য উপস্থাপন করেন। এ সময় স্বাস্থ্য ও শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি নাজমুল হক ডিউক, ১৫নং ওয়ার্ড কাউন্সিলর মো. গিয়াস উদ্দিন, ৩৩নং ওয়ার্ড কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব, ৩৫নং ওয়ার্ড কাউন্সিলর হাজী নুরুল হক, ৩৬নং ওয়ার্ড কাউন্সিলর হাবিবুল হক, ৩০নং ওয়ার্ড কাউন্সিলর মোজাহেরুল ইসলাম, ১৮নং ওয়ার্ড কাউন্সিলর হারুন উর রশিদ, স্বাস্থ্য কর্মকর্তা ডা. মোহাম্মদ আলীসহ স্বাস্থ্য বিভাগের সকল ডাক্তার ও কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা